



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বস্ত্র ও পাট মন্ত্রণালয়

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড

কমন সার্ভিস শাখা



সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী প্রদত্ত সেবা প্রদানের বাস্তবায়ন অগ্রগতি ও পরিবীক্ষণ সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি	সৈয়দ মোস্তাক হাসান
	পরিচালক
সভার তারিখ	০২-১২-২০২১ ইং
সভার সময়	বেলা ১২:৩০ ঘটিকা
স্থান	বোর্ডের সভাকক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট "ক"

সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন, সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে নিয়মিতভাবে হালনাগাদ করা হচ্ছে। বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট এর সেবা প্রদান প্রতিশ্রুতিকে বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড এর সেবার সাথে অন্তর্ভুক্ত করতে হবে। সিটিজেন চার্টার নির্দেশিকা অনুযায়ী আওতাধীন দপ্তর/সংস্থা/অন্যান্য প্রতিষ্ঠানসমূহের সিটিজেনস্ চার্টার লিঙ্ক আকারে যুক্ত করতে হবে। তিনি আরও বলেন, বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা/মাঠ প্রশাসনে স্ব স্ব প্রতিষ্ঠান কর্তৃক নাগরিকগণকে সেবা প্রদান সম্পর্কিত বিষয়ে লিখিত প্রতিশ্রুতিই হল সেবা প্রদান প্রতিশ্রুতি বা সিটিজেনস্ চার্টার। সেবা প্রদান প্রতিশ্রুতি হল নাগরিক এবং সেবাদাতাদের মধ্যকার একটি চুক্তি। একটি প্রতিষ্ঠানের সেবা প্রদান সংক্রান্ত যাবতীয় বিবরণ ও নির্দেশনা সিটিজেনস্ চার্টারে বিবৃত থাকে। সেবা প্রদান প্রতিশ্রুতি সরকারের দায়বদ্ধতা, স্বচ্ছতা ও সেবা প্রদানের মানসিকতা নিশ্চিত করে। সেবা সংক্রান্ত তথ্য নাগরিকদের নিকট সহজলভ্য করা, সেবা কার্যক্রমে নাগরিকদের অংশীদারিত্ব বৃদ্ধি, সরকারি কর্মকর্তা-কর্মচারীদের জবাবদিহিতা বৃদ্ধি করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ নিম্নরূপ:

কার্যক্রমের ক্ষেত্র	মান	কার্যক্রম	প্রমাণক	বাস্তবায়নের সময় ও বাস্তবায়নকারী
প্রাতিষ্ঠানিক	১৩	[১.১] সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন	বাস্তবায়ন প্রতিবেদন	ষাণ্মাসিক ভিত্তিতে, সংশ্লিষ্ট কমিটি এবং প্রশাসন বিভাগ
		[১.২] সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ	ওয়েবসাইটে হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি	ত্রৈমাসিক ভিত্তিতে, ফোকাল পয়েন্ট/বিকল্প ফোকাল পয়েন্ট এবং প্রশাসন বিভাগ
সক্ষমতা অর্জন	১২	[২.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন	প্রশিক্ষণ আদেশ, আলোচ্যসূচী, প্রশিক্ষণার্থীদের তালিকা	ষাণ্মাসিক ভিত্তিতে, ফোকাল পয়েন্ট/বিকল্প ফোকাল পয়েন্ট এবং প্রশাসন বিভাগ
		[২.২] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন	সভার কার্যবিবরণী	ত্রৈমাসিক ভিত্তিতে, ফোকাল পয়েন্ট/বিকল্প ফোকাল পয়েন্ট এবং প্রশাসন বিভাগ

০২। রেশম উন্নয়ন বোর্ডের ফোকাল পয়েন্ট জনাব মোঃ নাসির উদ্দীন বলেন, সেবা প্রদান প্রতিশ্রুতির নির্দেশনা মোতাবেক সংশ্লিষ্ট সকলকে সেবা রেশম চাষীদের দোরগোড়ায় পৌঁছাতে হবে। সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নের জন্য কর্মকর্তা-কর্মচারীদের সচেতন ও মানসিকতার বিকাশ ঘটতে হবে।


০৩। সভায় বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের সিটিজেনস্ চার্টার এর বাস্তবায়ন এর বিভিন্ন দিক নিয়ে আলোচনা করা হয়। পরিশেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক) গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট এর সেবা প্রদান প্রতিশ্রুতিকে বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড এর সেবার সাথে অন্তর্ভুক্ত করে ২৫ ডিসেম্বর/২০২১ এর মধ্যে ওয়েবসাইট হালনাগাদ করতে হবে।

খ) সিটিজেন চার্টার নির্দেশিকা অনুযায়ী আওতাধীন দপ্তর/সংস্থা/অন্যান্য প্রতিষ্ঠানসমূহের সিটিজেনস্ চার্টার লিঙ্ক আকারে যুক্ত করে ২৫ ডিসেম্বর/ ২০২১ এর মধ্যে ওয়েবসাইট হালনাগাদ করতে হবে।

গ) রেশম উন্নয়ন বোর্ডের সিটিজেনস্ চার্টার এর নাগরিক ও প্রাতিষ্ঠানিক সেবাসমূহ রিভিউ করে ২৫ ডিসেম্বর/ ২০২১ এর মধ্যে ওয়েবসাইট হালনাগাদ করতে হবে।

০৪। পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



সৈয়দ মোস্তাক হাসান
পরিচালক


স্মারক নম্বর: ২৪.০৬.০০০০.০০৮.১৬.০০২.২০.৯০

তারিখ: ২৯ অগ্রহায়ণ ১৪২৮
১৪ ডিসেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ)/(অর্থ ও পরিকল্পনা)/(প্রশাসন)/(সম্প্রসারণ)/(উৎপাদন ও বিপণন), বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
- ২) প্রধান পরিকল্পনা কর্মকর্তা/প্রধান সম্প্রসারণ কর্মকর্তা/প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা/, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী
- ৩) নির্বাহী প্রকৌশলী/উপ প্রধান নিরীক্ষক/উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা/উপ-পরিচালক(বীজ)/উপ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
- ৪) জনসংযোগ কর্মকর্তা/সহকারী পরিচালক মনিটরিং/সহকারী পরিচালক (প্রশাসন / কমন সার্ভিস) , বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী
- ৫) পি এ টু-মহাপরিচালক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।



সৈয়দ মোস্তাক হাসান
পরিচালক